

স্মারক নম্বর: ৪১.৬১১৩.০০০.৯৯.০০১.২৪.২৪

তারিখ: ০৭-০৩-২০২৪ খ্রিস্টাব্দ

এতদ্বারা সর্বশ্রেষ্ঠ সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ কর্তৃক প্রণীত (গভর্নরি বডি/ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর ১৫ নং অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ মহোদয়ের স্মারক নং-০৫.৪৫.৬১১৩.০০১.৪১.০০২.২৪.১৮৩, তারিখ: ০৭/০৩/২০২৪ খ্রিঃ মোতাবেক প্রিজাইডিং অফিসার নিযুক্ত হয়ে উক্ত প্রবিধানমালার ১৬ নং অনুচ্ছেদ অনুযায়ী "আশকা উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ" এর ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে নিম্নরূপ নির্বাচনী তফসীল ঘোষণা করা হলো।

যে সকল ক্যাটাগরীতে নির্বাচন অন্তর্ভুক্ত হবে:


(ক) সাধারণ শিক্ষক: ২ (দুই) জন (খ) সংরক্ষিত মহিলা শিক্ষক: ১ (এক) জন (গ) সাধারণ অভিভাবক: ৪ (চার) জন (ঘ) সংরক্ষিত মহিলা অভিভাবক ১ (এক) জন, (৪) প্রতিষ্ঠাতা : ১ (এক) জন এবং (চ) দাতা: ১ (এক) জন। উল্লেখ্য যে, পরিপত্রের ৭(১) (ঘ) ধারা মোতাবেক দশম শ্রেণির অভিভাবকগণ প্রার্থী হতে পারবেন না এবং ১৮ (১) ধারা মোতাবেক কোন শ্রেণির যে কোন ভোটার সেই শ্রেণির সদস্য পদে নির্বাচনের জন্য উক্ত শ্রেণির সদস্য হবার যোগ্য একজন প্রার্থীর নাম প্রস্তাব অথবা সমর্থন করিতে পারবেন।

নির্বাচনী তফসীল

ক্র: নং	বিষয়	তারিখ ও সময়	স্থান
১	মনোনয়ন পত্র বিতরণ ও জমা	১২/০৩/২০২৪ খ্রি. হতে ১৪/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত (প্রতিদিন সকাল ০৯:৪৫ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত)	সংশ্লিষ্ট প্রধান শিক্ষক তাঁর কার্যালয়ে প্রিজাইডিং অফিসারের পক্ষে মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ করবেন।
২	মনোনয়ন পত্র বাছাই	১৬/০৩/২০২৪ খ্রিস্টাব্দ (সকাল-১১:০০ হতে দুপুর-১২:০০ ঘটিকা পর্যন্ত)	প্রিজাইডিং অফিসারের কার্যালয়ে (প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর উপস্থিতিতে)
৩	মনোনয়নপত্র/প্রার্থীতা প্রত্যাহার	১৯/০৩/২০২৪ খ্রিস্টাব্দ (সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত)	প্রিজাইডিং অফিসারের কার্যালয় (প্রার্থীতা প্রত্যাহারকারীকে স্ব-শরীরে উপস্থিত হতে হবে)
৪	বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ	২০/০৩/২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ০৩:০০ ঘটিকায়	প্রিজাইডিং অফিসারের কার্যালয় ও প্রধান শিক্ষকের কার্যালয়
৫	নির্বাচন/ভোট গ্রহণ	৩১/০৩/২০২৪ খ্রিস্টাব্দ রবিবার সকাল -০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ। তাৎক্ষণিক ভোট গণনা ও ফলাফল প্রকাশ	আশকা উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।

**বিশেষ দৃষ্টব্য:** মনোনয়নপত্র বাছাইয়ের সময় প্রার্থী নিজে বা প্রস্তাবকারী/সমর্থনকারী উপস্থিত থাকতে পারবেন, নির্বাচনী ব্যয় মিটানোর জন্য সকল ক্যাটাগরীর মনোনয়নপত্র গ্রহণের সময় ভোটার তালিকা মূল্য বাবদ অফেরৎযোগ্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা পরিশোধ করতে হবে এবং নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


**গুরুত্বপূর্ণ নির্বাচনী আচরণ বিধি:** ম্যানেজিং কমিটির কোন সদস্য পদে নির্বাচনী প্রচারণায় কোনরূপ মিছিল, জনসভা, অভিভাবক সমাবেশ, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোস্টার, বাই-সাইকেল বা মটর সাইকেল কিংবা গাড়ি বহর ব্যবহার করা যাবে না। নির্বাচনী প্রচারণায় কেবল ৫.৫ ইঞ্চি x ৮.৫ ইঞ্চি সাদা-কালো লিফলেট প্রকাশ ব্যতীত অন্য কোন খাতে অর্থ ব্যয় করা যাবে না এবং কোন নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না।

  
অসীম সরকার  
উপজেলা সমাজসেবা অফিসার  
ও  
প্রিজাইডিং অফিসার  
আশকা উচ্চ বিদ্যালয়  
ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৪  
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৪১.৬১১৩.০০০.৯৯.০০১.২৪.২৪(৭)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. অফিসার-ইন-চার্জ, ভালুকা মডেল থানা, ভালুকা, ময়মনসিংহ।
৫. প্রধান শিক্ষক, আশকা উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ (নির্বাচনী তফসীল বহল প্রচারের জন্য শ্রেণী কক্ষে শিক্ষার্থীদের উদ্দেশ্যে পাঠ করে ওনানোর ব্যবস্থা, শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে টাঙ্গানো ও এলাকায় মাইকিং করে তফসিল প্রচারসহ ম্যানেজিং কমিটির নির্বাচন প্রবিধানমালা ২০০৯ মোতাবেক নির্বাচনের সকল কার্যক্রম যথাযথভাবে অনুসরণের অনুরোধসহ)।
৬. অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।
৭. সর্বশ্রেষ্ঠ নথি।

  
অসীম সরকার  
উপজেলা সমাজসেবা অফিসার  
ও  
প্রিজাইডিং অফিসার  
আশকা উচ্চ বিদ্যালয়  
ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৪  
ভালুকা, ময়মনসিংহ।